

কাটিয়া তাহার মুন্ড আনিবা ত্বরায়।
 সেই মুন্ড জোড়া দিব পুত্রের গলায়।।
 নন্দী গিয়া শ্বেতকরী শয়ন দেখিল।
 উত্তর শিয়রী দেখি সে মুন্ড ছেদিল।।
 সেই মুন্ড দেবগণ ধরি সকলেতে।
 স্কন্ধে লাগাইয়া দিল শৈলসূতা-সূতে।।
 ভগবান পুত্র হ'ল জনক মহেশ।
 গজানন গণশ্রেষ্ঠ নাম যে গণেশ।।
 হেন পুত্র কোলে নিয়া বসিল ভবানী।
 জন্ম মৃত্যু-হরা তারা গণেশ জননী।।
 আর এক আছে তার দৈবের ঘটনা।
 শঙ্খচূড় দৈত্য করে দেবতা তাড়না।।
 দৈত্য ভয়ে ভীত সব দেবতা হইল।
 দেবতার স্তবে শিব যুদ্ধেতে চলিল।।
 সপ্তরাত্রি সপ্তদিন যুদ্ধ করে ভোলা।
 যুদ্ধ করে শঙ্খাসুরে জিনিতে নারিলা।।
 দেবগণ স্তব করে বিশ্বুন্ন সদন।
 কর প্রভু তুলসীর সতীত্ব ভঞ্জন।।
 শঙ্খচূড় বেশ ধরি গিয়া নারায়ণ।
 ছলে করে তুলসীর সতীত্ব হরণ।।
 জানিয়া তুলসী শাপ দিলেন হরিরে।
 “পাষণ হৃদয় হরি ছিলিলে আমারে।।
 বিনা দোষে আমার সতীত্ব বিনাশিলে।
 নাহিক শীলতা তুমি হও গিয়ে শীলে।।
 হরিবলে পূর্বে তুমি মোরে কৈলে আশা।
 মোরে পতি পাবে বলে করিলে তপস্যা।।
 কথা ছিল মনোবাঞ্ছা পুরা'ব তোমার।
 সেই ছলে পতিনাশ করিনু এবার।।
 আমি করি নাই তব সতীত্ব ভঞ্জন।
 বাঞ্ছাপূর্ণ করি শাপ দিলে অকারণ।।
 এই কার্য্যে দুই কার্য্য হইল আমার।
 মোরে শাপ দিলে কেন করি অবিচার।।

পুরা'তে তোমার বাঞ্ছা আসি তব ঘরে।
 দেবতার উপকার করিবার তরে।।
 না বুঝি শাপিলা মোরে পাষণ হইতে।
 পাষণ হইব আমি গন্ডকী পর্ব্বতে।।
 অন্যথা করিতে নারি তোমার এ বাক্য।
 আমি শীলা হইলাম তুমি হও বৃক্ষ।।
 থাকিব তোমার মূলে তোমার ছায়ায়।
 ডালে মঞ্জরীতে তব পাতায় পাতায়।।
 শালগ্রামরূপে ব্রাহ্মণের ঘরে র'ব।
 হেটে পিঠে বন্ধে বন্ধে তোমারে রাখিব।।
 ভগবান এককাজ করিতে সাধন।
 বহু কর্ম তাহাতে করেন সমাপন।।
 শালগ্রাম হইবেন মালার সূতেতে।
 গজমুন্ড ধরিলেন পার্ব্বতী কোলেতে।।
 মহামায়া জননীর বাঞ্ছাপূর্ণ করি।
 থাকিল গণেশরূপে আপনি শ্রীহরি।।
 ভোলানাথ ভাবিলেন আমি বা কি করি।
 আমার হইল পুত্র আপনি শ্রীহরি।।
 অনন্ত বৃষভ রূপে আমার বাহন।
 গরুড় রূপেতে আমি বহি নারায়ণ।।
 গণেশ রূপেতে হরি আমার নন্দন।
 আমি পুত্র রূপ হয়ে ভজিব চরণ।।
 শিব ভাবে হরি হ'ল আমার নন্দন।
 হরির নন্দন হ'ব আমি অভাজন।।
 আমার বাসনা পূর্ণ করিব কোথায়।
 পুত্ররূপে জন্ম ল'ব গিয়া নদীয়ায়।।
 এইবার যবে লীলা করে নারায়ণ।
 অবশ্য হইব আমি হরির নন্দন'।।
 জীব উদ্ধারিতে প্রভু করিল প্রতিজ্ঞে।
 ভক্ত পারিষদ প্রভু পাঠাইল অথে।।
 স্বয়ং এর অবতার হয় যেই কালে।
 আর আর অবতার তাহে এসে মিলে।।